তারিখ 28 OCT 2017
পৃ. ৪ কলাম ২

সংবাদ

হতভম্ব শিক্ষার্থী ও অভিভাবকরা

# কুষ্টিয়ায় পরীক্ষা শেষ হওয়ার আগেই ফল নির্ধারণ

প্রতিনিধি, কুষ্টিয়া

২০১৮ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা চলছে। পরীক্ষা শেষ হতে আরও তিনদিন বাকি। এরপর উত্তরপত্র যাচাই শেষে ফল ঘোষণা করার কথা। কিন্তু তার আগেই বিদ্যালয়ের প্রধান শিক্ষক জানিয়ে দিলেন নির্বাচনী পরীক্ষায় মাত্র ১৫% শিক্ষার্থী কৃতকার্য হয়েছে। এই অভিনব ঘটনা ঘটেছে কুষ্টিয়া সদর উপজেলার স্বস্তিপুর মাধ্যমিক বিদ্যালয়ে। এই ঘটনায় হতভম্ব শিক্ষার্থী ও অভিভাবকরা।

জানা যায়, স্বস্তিপুর মাধ্যমিক বিদ্যালয়ে ২০১৮ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা চলছে। ওই পরীক্ষায় বিদ্যালয়ের ১৩০ জন শিক্ষার্থী অংশ নিচ্ছে। বুধবার পরীক্ষা কক্ষে কর্তব্যরত শিক্ষকরা বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বাক্ষরিত এক অভিনব চিঠি ওই শিক্ষার্থীদের হাতে ধরিয়ে দেন। ওই চিঠিতে প্রধান শিক্ষক লিখেছেন, 'সম্মানিত সুধী, অত্যন্ত হতাশার সঙ্গে আপনাকে জানাচ্ছি যে, ২০১৮ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা গ্রহণ ও ফলাফল যাচাই করে বুঝতে পারছি তাদের পড়ালেখায় আশানুরূপ অগ্রগতি নাই। তাদের নির্বাচনী পরীক্ষায় পাসের হার মাত্র ১৫%। তাই ওই শিক্ষার্থীদের পড়ালেখার মানোন্নয়নে আগামী ৫ নভেম্বর বিদ্যালয়ে এক অভিভাবক সমাবেশ আহ্বান করা হয়েছে।' এই চিঠি পেয়ে অভিভাবক ও শিক্ষার্থীরা বিস্ময় প্রকাশ করেছে। নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষার্থী জানায়, তাদের পরীক্ষা শেষ হতে এখনও ২দিন বাকি। তার আগেই প্রধান শিক্ষক পরীক্ষায় পাসের হার নির্ধারণ করে ফেললেন, এটা কিভাবে সম্ভব। এক অভিভাবক জানান, পরীক্ষার উত্তরপত্র দেখার আগেই ফলাফল দিলেন কিভাবে প্রধান শিক্ষক। অন্য একজন এক অভিভাবক অভিযোগ করে বলেন, 'চিঠি পাওয়ার পর প্রধান শিক্ষকের কাছে জানতে চেয়েছিলাম যে তিনি কেন এমন চিঠি দিয়েছেন। প্রধান শিক্ষক রেগে গিয়ে আমায় বলেছেন, তিনি কাউকে কৈফিয়ত দিতে পারবেন না।